রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Pirojpur Science and Technology University

Website: www.prstu.ac.bd; E-mail: registrar@prstu.ac.bd

স্মারক নং- পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/গুচ্ছ ভর্তি (২৪-২৫)/২০২৫/২৫৫৮

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১০ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

# চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি (২য় পর্যায়)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিবিপ্রবি)-এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/সমমান) ১ম বর্ষে ২য় পর্যায়ে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://admission. prstu.ac.bd-এ ১০/০৮/২০২৫ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ২:৫৯ টার মধ্যে অনলাইনে নির্ধারিত হারে ভর্তি ফি প্রদান করে চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে।

ভর্তি নিশ্চয়নপূর্বক ১০/০৮/২০২৫ বিকাল ৩:০০ টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের পিরোজপুরস্থ ক্যাম্পাস : বাড়ি নং-২৬৪/২, পুলিশ লাইন সড়ক, শিকারপুর, পিরোজপুর সদর-৮৫০০-এ স্ব-স্ব বিভাগে (অ্যাকাডেমিক ভবন, গণিত বিভাগ কক্ষ নং-২০১, পরিসংখ্যান বিভাগ কক্ষ নং-২০২, সাইকোলজি বিভাগ-কক্ষ নং-২০৩, সিএসই বিভাগ কক্ষ নং-২০৪) সশরীরে উপস্থিত হয়ে আলাদা একটি A4 খামে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বলা হলো।

<u>এককালীন কেন্দ্রীয়ভাবে প্রদেয় ভর্তি ফি</u>

| বিভাগ | মোট ভর্তি ফি | GST-তে প্রদত্ত ফি | অবশিষ্ট ভর্তি ফি |
|---|---|---|---|
| Mathematics | ১৫,২০০/- | ৫,০০০/- | ১০,২০০/- |
| Statistics | ১৫,২০০/- | ৫,০০০/- | ১০,২০০/- |
| Psychology | ১৫,২০০/- | ৫,০০০/- | ১০,২০০/- |
| CSE | ১৫,২০০/- | ৫,০০০/- | ১০,২০০/- |

- **ভর্তির জন্য শিক্ষার্থীকে নগদ (বিলার আইডি-৩০০৩) ও রকেট (বিলার আইডি-৫২৩৮) মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অবশিষ্ট ভর্তি ফি (১০,২০০.০০ টাকা) জমা প্রদান করতে হবে। অনলাইনে কোন ধরনের কারিগরি সমস্যা সৃষ্টি হলে ম্যানুয়ালি ভর্তির সুযোগ থাকবে।**

- **শিক্ষার্থীকে ভর্তির জন্য নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে :**
  (ক) GST গুচ্ছ ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
  (খ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি;
  (গ) SSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
  (ঘ) HSC/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
  (ঙ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

- **কোটায় ভর্তির জন্য নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে :**
  (ক) GST ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
  (খ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি;
  (গ) SSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
  (ঘ) HSC/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
  (ঙ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

চলমান পৃষ্ঠা-২

রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Pirojpur Science and Technology University

Website: www.prstu.ac.bd; E-mail: registrar@prstu.ac.bd

(চ) মুক্তিযোদ্ধার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি প্রধান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের সনদপত্রের একটি সত্যায়িত ফটোকপি;

- মূল নম্বরপত্র অন্য কোন বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে থাকলে তা নিজ দায়িত্বে সেই বিশ্ববিদ্যালয় থেকে উত্তোলন করে এ বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে;
- এই ধাপে বিশ্ববিদ্যালয়ের ভর্তির জন্য স্টুডেন্টদেরকে অবশ্যই এসএসসি ও এইচএসসি এর মূল মার্কশিট জমা দিতে হবে, কোন স্টুডেন্ট যদি মূল মার্কশিট জমা দিতে ব্যর্থ হয়, সে ক্ষেত্রে শিক্ষার্থী এ বিশ্ববিদ্যালয়ে ১০,২০০/- টাকা জমা দিলেও তার ভর্তি বাতিল হয়ে যাবে।

**বি.দ্র. : যাচাই-বাছাইয়ের যেকোন পর্যায়ে যদি কোন সনদপত্র বা অন্য কোন কাগজপত্রের জালিয়াতি/অসত্যতা প্রমাণিত হয়, তাহলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে এবং তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় ও দেশের প্রচলিত বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।**

**বিশেষ শর্তাবলি :** শিক্ষার্থীদের প্রদত্ত তথ্যাবলিতে কোনো অসংগতি পরিলক্ষিত হলে যে কোন পর্যায়ে ভর্তি/প্রার্থিতা বাতিল করা হবে। যে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবেন।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত সকল তথ্য যথাক্রমে www. prstu.ac.bd ও admission. prstu.ac.bd -এ পাওয়া যাবে।

হেল্পলাইন : জনাব কে.এম. আসলাম উদ্দিন, সহকারী অধ্যাপক, সিএসই (০১৭৪৫-৩৯৬৭১৫), জনাব আব্দুল্লাহ-আল-যোবায়ের, প্রভাষক, সিএসই (০১৯৭৯-৯৪৯৬৫৮), জনাব নূর মোহাম্মদ, সেকশন অফিসার, রেজিস্টার দপ্তর (০১৩১৬-৭৭০৩৫১), ই-মেইল: registrar@prstu.ac.bd

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২০.০৮.২৫

(মো: রফিকুল আলম)
রেজিস্ট্রার (অ:দা:)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
টেলিফোন : ০২-৫৫০৭৩০৪৭

অনুলিপি :

১. ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক (সকল), পিবিপ্রবি;
২. ওয়েবসাইট/নোটিশ বোর্ড;
৩. অফিস কপি।

২০/৮/২৫

(মো: আরাফাত হোসেন)
উপপরিচালক
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
টেলিফোন : ০১৭৯৬-২৭১৪৮১